বিষয় ঃ জাতীয় পাটনীতি- ২০১১ যুগোপযোগীকরণ ও বাস্তবায়ন কৌশল পত্র তৈরীকরণ।

পাটনীতি-২০১১ (বিদ্যমান)	সুপারিশমালা (প্রস্তাবিত খসড়া পাটনীতি-২০১৪)	মন্তব্য
অধ্যায়-১ **প্রস্তাবনা** সোনালী আঁশ পাট বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে গুর"ত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অতীতে প্রধান রপ্তানী পণ্য হিসেবে সর্বোচ্চ বৈদেশিক মূদ্রা অর্জিত হতো পাটখাত থেকে। পরবর্তীতে বিশ্বব্যাপী কৃত্রিম আঁশ ও বিভিন্ন সিনথেটিক দ্রব্যের আবির্ভাব এবং এর সহজলভ্যতা ও তূলনামূলকভাবে স্বল্প দামের কারণে পাট ও পাটজাত পণ্যের চাহিদা ও মূল্য হ্রাস পেতে থাকে। কিন্তু জলবায়ূ পরিবর্তন ও পরিবেশের জন ক্ষতিকর অপিশোধিত বর্জ্য পরিবেশ দূষণের কারণে বিশ্বব্যাপী পরিবেশ সচেতনতা সৃষ্টি হওয়ায় পরিবেশ বান্ধব পাট ও পাট পণ্যের প্রতি পূণরায় বিশ্ব সমাজের আগ্রহ ও চাহিদা বৃদ্ধি পেতে শুরু করেছে। সাম্প্রতিক বছরগুলোতে প্রচলিত পাটপণ্য সামগ্রিক পাশাপাশি বহুমুখী পাটপণ্যের চাহিদাও বৃদ্ধি পেয়েছে। জাতিসংঘ ২০০৯ সালকে " আন্তর্জাতিক প্রাকৃতিক তন্তু বর্ষ" হিসেবে ঘোষনা করেছে। সরকার ঘোষিত " শিল্পনীতি আদেশ ২০১০" এ পাটজাত পণ্যকে আগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসেবে চিহ্নিত করা হয়েছে। এছাড়া দেশের অভ্যন্ড়রে উৎপাদিত বিভিন্ন পণ্যাদি মোড়কীকরণের লক্ষে "পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। বর্ণিত প্রেক্ষাপটে পাটখাতকে পুনর"জ্জীবিত করা এবং পাটশিল্পের সম্ভবনাকে যথাযথভাবে কাজে লাগানোর লক্ষ্যে সরকারের ভূমিকা, অঙ্গীকার ও সুনির্দিষ্ট দিক নির্দেশনা ব্যক্ত করার প্রয়োজনে ২০০২ সালে ঘোষিত পাটনীতি যুগোপযোগী ও পরিমার্জন করে পাটনীতি-২০১১ প্রণয়ন করা হয়েছে। পাট ও পাটশিল্পের বর্তমান অবস্থার উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে ঘোষিত এই পাটনীতি থেকে পাট খাতের বিভিন্ন কর্মকান্ডের সাথে সংশি-ষ্ট সকল পক্ষই প্রয়োজনীয় দিক নির্দেশনা পাবে। জাতীয় ও আন্ড়র্জাতিক ক্ষেত্রে পাট ও পাটশিল্প এবং পারিপার্শ্বিক অবস্থার পরিবর্তন, আনুপূর্বিক পর্যবেক্ষণ ও পরিবীক্ষণের মাধ্যমে প্রাপ্ত উপাত্তের আলোকে পাটনীতি-২০১১ ভবিষ্যতে প্রয়োজনানুযায়ী সংযোজন ও সংশোধন করা হবে।	**প্রথম অধ্যায় ঃ** **প্রস্তাবনা** **বর্তমান সরকারের গৃহীত রুপকল্প ২০২১ এর অন্যতম উদ্দেশ্য হলো ২০২১ সালের মধ্যে আর্থ সামাজিক উন্নয়নের মাধ্যমে বাংলাদেশকে মধ্যম আয়ের অর্থনীতিতে রুপ্তান্তরিত করা।** সোনালী আঁশ পাট বাংলাদেশের আর্থ সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে আসছে। এক সময় প্রধান রপ্তানী পণ্য হিসেবে সর্বোচ্চ বৈদেশিক মুদ্রা অর্জিত হতো পাটখাত থেকে। পরবর্তীতে বিশ্বব্যাপী কৃত্রিম আঁশ ও বিভিন্ন সিনথেটিক দ্রব্যের আবির্ভাব এবং এর সহজলভ্য ও তুলনামুলক স্বল্প দামের কারণে পাট ও পাটজাত পণ্যের চাহিদা ও মুল্য ক্রমান্বয়ে হ্রাস পেতে থাকে। জলবায়ু পরিবর্তন এবং পরিবেশের জন্য ক্ষতিকর অপরিশোধিত বর্জ দ্বারা পরিবেশ দূষনের কারণে বিশ্বব্যাপী পরিবেশ সচেতনতা সৃষ্টি হয়েছে এবং পরিবেশ বান্ধব পাট ও পাটজাত পণ্যের প্রতি পুণরায় বিশ্ব বাজারে আগ্রহ ও চাহিদা বৃদ্ধি পেতে শুরু করেছে। সাম্প্রতিক বছরগুলোতে প্রচলিত পাটপণ্য সামগ্রির পাশাপাশি বহুমুখী পাটপণ্যের চাহিদাও বৃদ্ধি পেয়েছে। জাতিসংঘ ২০০৯ সালকে আন্তর্জাতিক প্রাকৃতিক তন্ড়ু বর্ষ হিসেবে ঘোষনা করেছে। সরকার ঘোষিত শিল্পনীতি আদেশ ২০১০ এ পাটজাত পণ্যকে অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসেবে চিহ্নিত করা হয়েছে। এছাড়া দেশের অভ্যন্ড়রে উৎপাদিত বিভিন্ন পণ্যাদি **যথা ধান, চাল, গম, ভূট্টা, সার ও চিনি মোড়কীকরণের লক্ষ্যে পণ্যে** পাটজাত মোড়কের বাধ্যতামুলক ব্যবহার আইন, ২০১০ **এবং পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামুলক ব্যবহার বিধিমালা, ২০১৩ সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদনে পাট চাষীদের উদ্বুদ্ধকরণ ও সহায়তা প্রদানের লক্ষ্যে একটি উন্নয়ন প্রকল্প সরকার কর্তৃক বাসড়বায়িত হচ্ছে।** বর্ণিত পেক্ষাপটে পাটখাতকে পূণরুজ্জীবিত করা এবং পাট শিল্পের সম্ভাবনাকে যথাযথভাবে কাজে লাগানোর লক্ষ্যে সরকারের ভূমিকা, অংগীকার ও সুনির্দিষ্ট দিক নির্দেশনা ব্যক্ত করার প্রয়োজনে ২০১১ সালে ঘোষিত পাটনীতি যুগোপযোগী ও পরিমার্জন করে পাটনীতি ২০১৪ প্রণয়ন করা হয়েছে। পাট ও পাটশিল্পের বর্তমান অবস্থার উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে ঘোষিত এই পাটনীতি থেকে পাটখাতের বিবিধ কর্মকান্ডের সাথে সংশিষ্ট সকল পক্ষই প্রয়োজনীয় দিক নির্দেশনা পাবে। **পাটনীতি ২০১৪ দেশের পাট ও পাটশিল্পকে উত্তোরত্তর বৃদ্ধির মাধ্যমে সার্বিক অর্থনীতিকে গতি প্রদান করবে এবং কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র নিরসনে অগ্রনী ভূমিকা পালন করবে**। জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে পাট ও পাটশিল্প এবং পারিপার্শ্বিক অবস্থার পরিবর্তন পর্যবেক্ষণ ও পরিবীক্ষনের মাধ্যমে প্রাপ্ত উপাত্তের আলোকে পাটনীতি-২০১৪ ভবিষ্যতে প্রয়োজনানুযায়ী সংযোজন ও সংশোধন করা হবে।	

পাটনীতি-২০১১ (বিদ্যমান)	সুপারিশমালা (প্রস্তাবিত খসড়া পাটনীতি-২০১৪)	মন্তব্য
অধ্যায়-২	**দ্বিতীয় অধ্যায়** **পাটনীতির উদ্দেশ্যাবলী ঃ**	
(ক) স্থানীয় ও আন্তর্জাতিক বাজার চাহিদার সাথে সংগতি রেখে পাট ও পাটপণ্যের উৎপাদন;	(ক) স্থানীয় ও আন্তর্জাতিক **বাজার** চাহিদার সাথে সংগতি রেখে পাট ও পাটপণ্যের উৎপাদন;	
(খ) পাটচাষের ক্ষেত্রে ভূমি ব্যবহার পরিকল্পনা (Land use Planning) প্রণয়ন;	(খ) পাটচাষের ক্ষেত্রে ভূমি ব্যবহার পরিকল্পনা (Land use Planning) প্রণয়ন;	
(গ) মানসম্মত পাটবীজ উৎপাদন ও কৃষক পর্যায়ে সরবরাহ;	(গ) মানসম্মত পাটবীজ উৎপাদন ও কৃষক পর্যায়ে সরবরাহ;	
(ঘ) উচ্চ ফলনশীল জাত ও উন্নত মানসম্মত পাট চাষে চাষীদের উদ্বুদ্ধকরণ এবং পাট চাষীদেরকে ন্যায্য মুল্য প্রদানের ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রেখে দারিদ্র বিমোচনে সহায়তা প্রদান;	(ঘ) উচ্চ ফলনশীল জাত ও উন্নত মানসম্মত পাট চাষে চাষীদের উদ্বুদ্ধকরণ এবং পাট চাষীদেরকে ন্যায্য মুল্য প্রদানের ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রেখে দারিদ্র বিমোচনে সহায়তা প্রদান;	
(ঙ) পাট ও পাটপণ্যের বাজার সংরক্ষণ ও সম্প্রসারণের মাধ্যমে বৈদেশিক বাণিজ্যের লেনদেনের ভারসাম্য দেশের অনুকুলে রাখতে সহায়তা প্রদান;	(ঙ) পাট ও পাটপণ্যের বাজার সংরক্ষণ ও সম্প্রসারণের মাধ্যমে বৈদেশিক বাণিজ্যের লেনদেনের ভারসাম্য দেশের অনুকুলে রাখতে সহায়তা প্রদান;	
(চ) অভ্যন্ড়রীণ ও আন্তর্জাতিক বাজারে পরিবেশ সহায়ক পাট ও পাটপণ্যের বাবহার বৃদ্ধিকল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণ;	(চ) অভ্যন্ড়রীণ ও আন্তর্জাতিক বাজারে পরিবেশ সহায়ক পাট ও পাটপণ্যের বাবহার বৃদ্ধিকল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণ;	
(ছ) পাট শিল্পের যন্ত্রপাতি আধুনিকীকরণ এবং বিদ্যমান পাটকলগুলির আধুনিকায়নের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি;	(ছ) পাট শিল্পের যন্ত্রপাতি আধুনিকীকরণ, বিদ্যমান পাটকলগুলির আধুনিকায়নের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি;	
(জ) বহুমুখী পাটপণ্যের উদ্ভাবনা ও ব্যবহার বৃদ্ধির কার্যক্রম জোরদারকরণ;	(জ) **বর্তমান বাজার চাহিদা অনুযায়ী উন্নতমানের জুট ফেব্রিক উৎপাদনের জন্য বিশেষায়িত কম্পোজিট জুট মিল স্থাপন;**	
(ঝ) পাট ও পাটবীজ উৎপাদন, পাট ব্যবসা, পাট শিল্প, পাট গবেষণার সংগে সম্পৃক্ত বিভিন্ন দপ্তর/সংস্থার নিবিড় যোগাযোগ স্থাপন;	(ঝ) বহুমুখী পাট পণ্যের উদ্ভাবনা ও ব্যবহার বৃদ্ধির কার্যক্রম জোরদারকরণ;	
(ঞ) পাট সংশ্লিষ্ট তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ;	(ঞ) **বিশ্ববাজারের চাহিদা অনুযায়ী প্রফেশনাল ডিজাইন ইনস্টিটিউট স্থাপনের মাধ্যমে পাটজাতপণ্যের নুতন নুতন ডিজাইন উদ্ভাবন;**	
(ট) মানব সম্পদ উন্নয়ন;	(ট) পাট ও পাটবীজ উৎপাদন, পাট ব্যবসা, পাট শিল্প, পাট গবেষণার সংগে সম্পৃক্ত বিভিন্ন দপ্তর/সংস্থার **মধ্যে** নিবিড় যোগাযোগ স্থাপন;	
	(ঠ) পাট **ও পাটজাত পণ্য** সংশ্লিষ্ট তথ্য ব্যবস্থাপনায় **অটোমেশন প্রবর্তন**;	
	(ড) **দক্ষ** মানব সম্পদ **উন্নয়নে সমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ;**	
	(ঢ) **বাংলাদেশ সরকারের রপ্তানী নীতিতে পাট ও পাটপণ্য খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রাপ্ত খাত হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে।**	

অধ্যায়-৩ **ভিশন ঃ** পাট বাংলাদেশের অন্যতম প্রধান অর্থকরী ফলন। দেশের মোট জনসংখ্যর এক পঞ্চমাংশ লোক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে পাটখাতের বিভিন্ন কর্মকান্ডের সাথে সম্পৃক্ত। দেশে ১২-১৪ লক্ষ একর জমিতে বাৎসরিক প্রায় ৫০-৬০ লক্ষ বেল পাট উৎপাদন হয়। রপ্তানী আয়ের দিকে থেকে একক পণ্য হিসেবে পাট ও পাটজাতদ্রব্য দ্বিতীয় স্থানে রয়েছে। ২০০৯-১০ অর্থ বছরে ১৫ লক্ষ ৬৮ হাজার বেল কাঁচা পাট এবং ৫ লক্ষ ১৮ হাজার মেঃ টন পাটপণ্য রপ্তানী হয়েছে। কাঁচা পাট থেকে রপ্তানী আয় হয়েছে ১১০৩ কোটি টাকা এবং পাটপণ্য থেকে ৩৯৩৯ কোটি টাকা (মোট ৫০৪১ কোটি টাকা)। সম্পূর্ণ দেশীয় ও শ্রমঘন এর শিল্প জিডিপি' তে উল্লেখযোগ্য অবদান রেখে আসছে। পাটের তন্তুমান উন্নত ও পরিবেশ বান্ধব বলে বিবেচিত হওয়ায় বহুমুখী পাটপণ্য উদ্ভাবন,উৎপাদন ও বাণিজ্যিকিকরণের মাধ্যমে এ খাতের আয় বৃদ্ধির উদ্দোগ নেয়া হয়েছে। বর্তমানে পাটপণ্যের অভ্যন্ড়রীণ ব্যবহার শতকরা ১৩ ভাগ। বহুমুখী পাটপণ্য উৎপাদন ও ব্যবহারের মাধ্যমে আগামী ১০ বছরে এই হার ২৫ শতাংশ পর্যন্ড় বৃদ্ধির লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। তাছাড়া ২০১৫ সালের মধ্যে বহুমুখী পাটপণ্য রপ্তানী দ্বিগুনের অধিক বৃদ্ধি করার লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। নতুন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বন্ধ হয়ে যাওয়া সরকারী খাতের পাটকল গুলোতে ক্রমান্বয়ে চালুর ব্যবস্থা গ্রহণ করা হবে এবং বিরাষ্ট্রীয়করণ নীতির সাথে পাটকলগুলো ক্রমান্বয়ে চালু করা সংক্রান্ড় সাংঘর্ষিকতা দূর করার নিমিত্ত বিরাষ্ট্রীয়করণ নীতিতে প্রয়োজনীয় সংশোধনীর ব্যবস্থা নেয়া হবে। বিশ্ব বাণিজ্য সংস্থার আইনগত বিষয়গুলো ইউরোপিয়ান কমিশন সহ বিশ্বের উল্লেখযোগ্য পাট ও পাটপণ্য আমদানীকারক দেশের বাণিজ্য নীতিতে পাট ও পাটপণ্য রপ্তানী বৃদ্ধির ক্ষেত্রে যে সকল আইনগত প্রতিবন্ধকতা, বিশেষ করে বাজার সংরক্ষণের নীতি এবং পরিবেশগত কারণে কৃত্রিম আঁশের পরিবর্তে পাট ব্যবহারে আইনের যে সকল বাধা রয়েছে তা দূরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।	**তৃতীয় অধ্যায়** **ভিশন ঃ** **আগামী ২০২১ সালের মধ্যে বন্ধ পাটকল চালু ও এসব পাটকলের আধুনিকীকরণের মাধ্যমে বহুমুখী পাটপণ্য উৎপাদন ও ব্যবহার এবং রপ্তানী বাজার সম্প্রসারণের মাধ্যমে সোনালী আঁশ হিসেবে পাটের হারানো গৌরব পুনরুদ্ধার এবং একে দেশের দ্বিতীয় প্রধান রপ্তানী পণ্য হিসেবে প্রতিষ্ঠিত করা।**	

পাটনীতি-২০১১ (বিদ্যমান)	সুপারিশমালা (প্রস্তাবিত খসড়া পাটনীতি-২০১৪)	মন্তব্য
অধ্যায়-৪ **পাটখাতের সমস্যাবলী ঃ**	**চতুর্থ অধ্যায়** **পাটখাতের সমস্যাবলী ঃ**	
৪.১ কাঁচাপাট ঃ	**৪.১ কাঁচাপাট ঃ**	
(ক) সনাতন পদ্ধতিতে পাট চাষের ফলে একর প্রতি নিম্ন উৎপাদনশীতা ও উৎপাদন খরচের আধিক্য;	(ক) সনাতন পদ্ধতিতে পাট চাষের ফলে একর প্রতি নিম্ন উৎপাদনশীতা ও উৎপাদন খরচের আধিক্য;	
(খ) উচ্চ ফলনশীল ও মানসম্পন্ন পাটবীজের অভাবে নিম্নমানের পাটবীজের ব্যবহার;	(খ) উচ্চ ফলসশীল ও মানসম্পন্ন পাটবীজের অভাবে নিম্নমানের পাটবীজের ব্যবহার;	
(গ) উন্নত প্রযুক্তি ব্যবহার করে উচ্চ ফলনশীল জাত ও মানের পাটচাষ সর্ম্পকে চাষীদের সম্যক জ্ঞানের অভাব;	(গ) উন্নত প্রযুক্তি ব্যবহার করে উচ্চ ফলনশীল জাত ও মানের পাটচাষ সর্ম্পকে চাষীদের সম্যক জ্ঞানের অভাব;	
(ঘ) পাট পচনে এলাকা বিশেষে উপযুক্ত পানির অভাব এবং উন্নত পচন পদ্ধতি (রিবন পদ্ধতি) সম্পর্কে পাটচাষীদের অনভিজ্ঞতা;	(ঘ) পাট পচনে এলাকা বিশেষে উপযুক্ত পানির অভাব এবং উন্নত পচন পদ্ধতি (রিবন **রেটিং** পদ্ধতি) সম্পর্কে পাটচাষীদের অনভিজ্ঞতা;	
(ঙ) পাটের শ্রেণী বিন্যাস সর্ম্পকে পাট চাষীদের সম্যক জ্ঞান/ধারনার অভাব;	(ঙ) পাটের **জাত ও** শ্রেণী বিন্যাস সর্ম্পকে পাট চাষীদের সম্যক জ্ঞান/ধারনার অভাব;	
(চ) ন্যায্য মূল্যে সার ও কীটনাশক সরবরাহের অপ্রতুলতা;	(চ) **বিনা ও** ন্যায্য মূল্যে সার ও কীটনাশক সরবরাহের অপ্রতুলতা;	
(ছ) পাট মৌসুমে পাট উৎপাদনকারীগণকে স্বল্পসুদে ঋণ প্রদানের প্রাতিষ্ঠানিক ব্যবস্থার অভাব;	(ছ) পাট মৌসুমে পাট উৎপাদনকারীগণকে স্বল্পসুদে ঋণ প্রদানের প্রাতিষ্ঠানিক ব্যবস্থার অভাব;	
(জ) পাট উৎপাদন, চাহিদা, সরবরাহ ও মূল্য পরিস্থিতি সর্ম্পকে চাষী পর্যায়ে তথ্যের অভাব;	(জ) পাট উৎপাদন, চাহিদা, সরবরাহ, মূল্য **ও রপ্তানী** পরিস্থিতি সর্ম্পকে চাষী পর্যায়ে তথ্যের অভাব;	
(ঝ) কৃষকদের নিকট হতে সরাসরি পাট ক্রয়ের ব্যবস্থার অনুপস্থিতি এবং পাট ব্যবসায়ে মধ্যস্বত্বভোগীদের দৌরাত্বের ফলে চাষীরা পাটের ন্যায্য মূল্য থেকে বঞ্চিত;	(ঝ) কৃষকদের নিকট হতে সরাসরি পাট ক্রয়ের ব্যবস্থার অনুপস্থিতি এবং পাট ব্যবসায়ে মধ্যসত্বভোগীদের দৌরাত্বের ফলে চাষীরা পাটের ন্যায্য মূল্য থেকে বঞ্চিত;	
(ঞ) কৃষক পর্যায়ে পাট গুদামজাত করণের সুযোগ খুবই সীমিত।	(ঞ) কৃষক পর্যায়ে পাট গুদামজাত করণের সুযোগ খুবই সীমিত; এবং	
	(ট) **পাটক্রয়ে সময়মত ও পর্যাপ্ত ব্যাংক ঋণের অভাব।**	
৪.২ পাটশিল্প ঃ	**৪.২ পাটশিল্প ঃ**	
(ক) স্বল্প মূল্যের কৃত্রিম আঁশ ও সিনথেটিক দ্রব্যের আর্বিভাবের ফলে বিশ্বে পাটপণ্যের চাহিদা ও মূল্য হ্রাস;	(ক) স্বল্প মূল্যের কৃত্রিম আঁশ ও সিনথেটিক দ্রব্যের আর্বিভাবের ফলে বিশ্বে পাটপণ্যের চাহিদা ও মূল্য **ক্রমান্বয়ে হ্রাস**;	
(খ) দক্ষ ব্যবস্থাপক ও শ্রমিকের অভাব;	(খ) দক্ষ ব্যবস্থাপক ও শ্রমিকের অভাব;	
(গ) পুরাতন যন্ত্রপাতি এবং তার যথাযথ রক্ষণাবেক্ষনের অভাব ইত্যাদি কারণে উৎপাদনশীলতা হ্রাস, অধিক উৎপাদন খরচ এবং নিম্নমানের পাটপণ্য উৎপাদন;	(গ) পুরাতন যন্ত্রপাতি এবং তার যথাযথ রক্ষণাবেক্ষনের অভাব ইত্যাদি কারণে উৎপাদনশীলতা হ্রাস, অধিক উৎপাদন খরচ এবং নিম্নমানের পাটপণ্য উৎপাদন;	
(ঘ) অনিয়মিত বিদ্যূৎ সরবরাহ ও বিদ্যুৎ বিভ্রাট, শ্রমিক ও রাজনৈতিক অস্থিরতা ইত্যাদি কারণে উৎপাদন হ্রাস;	(ঘ) অনিয়মিত বিদ্যূৎ সরবরাহ ও বিদ্যুৎ বিভ্রাট, শ্রমিক ও রাজনৈতিক অস্থিরতা ইত্যাদি কারণে উৎপাদন হ্রাস;	
(ঙ) বাজার উন্নয়ন, সংরক্ষণ ও সম্প্রসারণে বিপনন গবেষণা এবং উদ্যোগের অভাব;	(ঙ) বাজার উন্নয়ন, সংরক্ষণ ও সম্প্রসারণে বিপনন গবেষণা এবং উদ্যোগের অভাব;	
(চ) অভ্যন্ড়রীণ রাজারে প্রচলিত ও বহুমুখী পাটপণ্যের ব্যবহার অতি সীমিত;	(চ) অভ্যন্ড়রীণ রাজারে প্রচলিত ও বহুমুখী পাটপণ্যের ব্যবহার অতি সীমিত;	
(ছ) পাটক্রয়ে সময়মত ও পর্যাপ্ত ব্যাংক ঋণের অভাব;	(ছ) পাটকলগুলোর অব্যাহত লোকসান এবং দীর্ঘদিনের পূঞ্জীভূত ঋণ ও ঋণের উপর সুদের বোঝা;	

(জ) পাটকলগুলোর অব্যাহত লোকসান এবং দীর্ঘদিনের পুঞ্জীভূত ঋণ ও ঋণের উপর সুদের বোঝা; (ঝ) বিরাষ্ট্রীয়কৃত পাটকলগুলো থেকে পাওনা অর্থ অপরিশোধিত থাকা; (ঞ) সহজ শর্তে ঋণের দুষ্প্রাপ্যতা; (ট) প্রচলিত ও বহুমূখী পাটপণ্য বিপণনের ক্ষেত্রে বিদ্যমান অপ্রতুল বিপনণ সহায়ক; (ঠ) বিশেষ ভাবে রাষ্ট্রায়াত্ব মিলসমূহে দায়িত্ব বিন্যাস, সিদ্ধান্ড়গ্রহণে দীর্ঘ সূত্রিতা ইত্যাদি।	(জ) **পণ্য মোড়কীকরণে পাটজাত মোড়কের ব্যবহারে যথেষ্ট আগ্রহের অভাব;** (ঝ) বিরাষ্ট্রীয়কৃত পাটকলগুলো থেকে পাওনা অর্থ অপরিশোধিত থাকা; (ঞ) **পাটজাতপণ্যের নতুন নতুন ডিজাইন উদ্ভাবনে যথেষ্ট আগ্রহের অভাব;** (ট) সহজ শর্তে ঋণের দুষ্প্রাপ্যতা; (ঠ) প্রচলিত ও বহুমূখী পাটপণ্য বিপণনের ক্ষেত্রে বিদ্যমান অপ্রতুল বিপনণ সহায়ক; (ড) **জুট টেকনোলজিতে ডিপ্লোমা ও বিএসসি ডিগ্রিধারীদের অভাব;** এবং (ঢ) বিশেষ ভাবে রাষ্ট্রায়াত্ব মিল সমূহে দায়িত্ব বিন্যাস, সিদ্ধান্ড়গ্রহণে দীর্ঘ সূত্রিতা ইত্যাদি।	

পাটনীতি-২০১১ (বিদ্যমান)	সুপারিশমালা (প্রস্তাবিত খসড়া পাটনীতি-২০১৪)	মন্তব্য
অধ্যায়-৫ **পাট ও পাটজাত পণ্যের সমস্যা সমাধান নীতিমালা ঃ**	**পঞ্চম অধ্যায়** **পাট ও পাটজাত পণ্যের সমস্যা সমাধান নীতিমালা ঃ**	
৫.১.০ মানসম্পন্ন পাট উৎপাদনের লক্ষ্যে নীতিমালা ঃ	**৫.১.০ মানসম্পন্ন পাট উৎপাদনের লক্ষ্যে নীতিমালা ঃ**	
৫.১.১ অভ্যন্তরীণ ও বিশ্ব বাজারে পাটের চাহিদা নিয়মিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন পূর্বক পাট উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ। পাটচাষ মৌসুমে গণমাধ্যমের সাহায্যে চাষীদেরকে সচেতন করে তোলাসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	৫.১.১ অভ্যন্তরীণ ও বিশ্ব বাজারে পাটের চাহিদা নিয়মিত পর্যবেক্ষণ ও মূল্যায়ন পূর্বক পাট উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ। পাটচাষ মৌসুমে **বেতার ও টেলিভিশনে গান ও নাটিকা প্রচারের মাধ্যমে** পাট চাষীদেরকে সচেতন করে তোলা সহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;	
৫.২.২ পাটচাষ যোগ্য জমির পরিমানগত অস্থিতিশীলতার কারণে প্রতি বছর কাঁচা পাটের উৎপাদনের হ্রাস-বৃদ্ধি ঘটে। একারণে পাট উৎপাদনের জন্য উপযোগী এলাকা নির্ধারণ ও ভূমি জোনিং পদ্ধতির মাধ্যমে চাষীদের পাটচাষে আগ্রহী করে তোলার ব্যবস্থা গ্রহণ।	৫.১.২ পাটচাষ যোগ্য জমির পরিমানগত অস্থিতিশীলতার কারণে প্রতি বছর কাঁচা পাটের উৎপাদনের হ্রাস-বৃদ্ধি ঘটে। একারণে পাট উৎপাদনের জন্য উপযোগী এলাকা নির্ধারণ ও ভূমি জোনিং পদ্ধতির মাধ্যমে চাষীদের পাটচাষে আগ্রহী করে তোলার ব্যবস্থা গ্রহণ;	
৫.২.৩ পাট চাষের আওতায় জমির পরিমান বৃদ্ধিকল্পে পাট ও বিকল্প কৃষিপণ্য উৎপাদনে ব্যবহারযোগ্য একই জমিতে অন্যান্য ফসল এবং পাট চাষের তুলনামূলক অর্থনৈতিক বিশ্লেষণের ব্যবস্থা গ্রহণ।	৫.১.৩ পাট চাষের আওতায় জমির পরিমান বৃদ্ধিকল্পে পাট ও বিকল্প কৃষিপণ্য উৎপাদনে ব্যবহারযোগ্য একই জমিতে অন্যান্য ফসল এবং পাট চাষের তুলনামূলক অর্থনৈতিক বিশ্লেষণের ব্যবস্থা গ্রহণ;	
৫.২.৪ পাটের উৎপাদন বৃদ্ধি ও পাটের মান উন্নত করণের বিষয়ে বাংলাদেশ অধিকতর ব্যবস্থাসহ উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তরের কার্যকরী ব্যবস্থা গ্রহণ।	৫.১.৪ পাটের উৎপাদন বৃদ্ধি ও পাটের মান উন্নত করণের বিষয়ে **বাংলাদেশ পাট গবেষণা ইন্সটিটিউট কর্তৃক** অধিকতর গবেষণার ব্যবস্থাসহ উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তরের কার্যকরী ব্যবস্থা গ্রহণ;	
৫.২.৫ পাটবীজ উৎপানকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে আর্থিক ও কারিগরী সহায়তা প্রদানের মাধ্যমে উন্নতমানের বীজ উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করা, বীজ উৎপাদনে স্বয়ংসম্পূণতা অর্জন ও বীজ আমদানী নিরুৎসাহিত করা। প্রয়োজনের বীজ আমদানীর ক্ষেত্রে রপ্তানীকারক দেশের সীড সার্টিফিকেশন এজেন্সী কর্তৃক প্রত্যায়িত বীজ আমদানী নিশ্চিত করা। পার্বত্য জেলাগুলোতে পাটবীজ চাষে সম্ভাবতা যাচাইয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	৫.১.৫ পাটবীজ উৎপানকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে **পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প, বিএডিসি এবং পাটচাষী সমিতি কর্তৃক** আর্থিক ও কারিগরী সহায়তা প্রদানের মাধ্যমে উন্নতমানের বীজ উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করা, বীজ উৎপাদনে স্বয়ংসম্পূণতা অর্জন ও বীজ আমদানী নিরুৎসাহিত করা। প্রয়োজনের বীজ আমদানীর ক্ষেত্রে রপ্তানীকারক দেশের সীট সার্টিফিকেশন এজেন্সী কর্তৃক প্রত্যায়িত বীজ আমদানী নিশ্চিত করা। পার্বত্য জেলাগুলোতে পাটবীজ চাষে সম্ভাবতা যাচাইয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;	
৫.২.৬ বাংলাদেশ ব্যাংকের এসিএসপিডি সার্কুলার লেটার নং- ০১, তারিখ ঃ ১১/০১/২০০৭ দ্বারা পাটজাতপণ্যকে কৃষিজাত পণ্যের তালিকায় অন্তর্ভূক্ত করা হয়েছে। অনুরূপভাবে শুধুমাত্র স্থানীয় ব্যবহারের ক্ষেত্রে কাঁচাপাটকে কৃষিজাত পণ্য হিসেবে গণ্য করা হবে।	৫.১.৬ বাংলাদেশ ব্যাংকের এসিএসপিডি সার্কুলার লেটার নং- ০১, তারিখ ঃ ১১/০১/২০০৭ দ্বারা পাটজাতপণ্যকে কৃষিজাত পণ্যের তালিকায় অন্তর্ভূক্ত করা হয়েছে। অনুরূপভাবে শুধুমাত্র স্থানীয় ব্যবহারের ক্ষেত্রে কাঁচাপাটকে কৃষিজাত পণ্য হিসেবে গণ্য করা হবে;	
৫.২.৭ উন্নত জাত ও মানের পাট উৎপাদন, একর প্রতি ফলন বৃদ্ধি করে ৩২ মণ ও তদূর্ধ্বে উন্নীত করা ও উৎপাদন ব্যয় হ্রাস করার মাধ্যমে পাটের ন্যায্য মূল্য নিশ্চিত করা। বিজেআরআই ও বিআইএনএ (BINA) কর্তৃক উদ্ভাবিত উন্নতমানের পাটবীজ যথাসময়ে কৃষকের দোড়গোড়ায় পৌছে দেয়ার লক্ষ্যে	৫.১.৭ উন্নত জাত ও মানের পাট উৎপাদন, একর প্রতি ফলন বৃদ্ধি করে **৫০ মণ** ও তদূর্ধ্বে উন্নীত করা ও উৎপাদন ব্যয় হ্রাস করার মাধ্যমে পাটের ন্যায্য মূল্য নিশ্চিত করা। বিজেআরআই ও বিআইএনএ (বিনা) কর্তৃক উদ্ভাবিত উন্নতমানের পাটবীজ যথাসময়ে কৃষকের দোড়গোড়ায় পৌছে দেয়ার লক্ষ্যে পাটচাষীদের সহায়তা প্রদান কর্মসূচী সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণ;	
	৫.১.৮ উন্নমানের পাটবীজ উৎপাদনকারীদেরকে প্রয়োজনীয় প্রণোদনা দিয়ে মানসম্পন্ন পাটবীজ উৎপাদনের	

পাটচাষীদের সহায়তা প্রদান কর্মসূচী সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণ। ৫.২.৮ উন্নমানের পাটবীজ উৎপাদনকারীদেরকে প্রয়োজনীয় প্রণোদনা দিয়ে মানসম্পন্ন পাটবীজ উৎপাদনের স্বয়ংসম্পূর্ণ অর্জন নিশ্চিতকরণ। ৫.২.৯ পাট পচানোর জন্য রেলপথ, সড়ক পথ ও বন্যা নিয়ন্ত্রণ বাঁধের পাশে পানি সংরক্ষণ ও অপসারণ ব্যবস্থা গড়ে তোলা। যে সকল এলাকায় পাট পঁচানোর জন্য পানির দুস্প্রাপ্যতা রয়েছে সে সকল এলাকায় পাট পঁচানোর জন্য অধিকতর উন্নত প্রযুক্তি (রিবন পদ্ধতিসহ) সম্পর্কে কৃষকদের অবহিতকরণ। ৫.২.১০ বিএডিসি'তে সরকারীভাবে পাটের বীজের বাফার ষ্টক সংরক্ষণ করা। বিএডিসি'র প্রতিবছর প্রায় ১৫০০ মেঃ টন পাটবীজ উৎপাদনের ক্ষমতা রয়েছে। তন্মধ্যে বিএডিসি বাস্ড়বে ১০০০-১২০০ মেঃ টন উৎপাদন করে এবং ২০০-৩০০ মেঃ টন সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করে। বিএডিসি'র উৎপাদন ও সংরক্ষণ ব্যবস্থা সম্প্রসারণ ও উন্নীতকরণের ব্যবস্থা গ্রহণ। ৫.২.১১ পাটের বীজ, জাত, মান চাহিদা ও বিভিন্ন শ্রেণীর পাটের উৎপাদন পদ্ধতি ও গ্রেডিং সিষ্টেম সর্ম্পকে দেশের পাট-চাষ সমৃদ্ধ এলাকাগুলোতে স্থানীয় পর্যায়ের চাষীদেরকে প্রশিক্ষণের ও ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ। ৫.২.১২ কৃষকগণকে পাটের ন্যায্যমূল্য প্রাপ্তিতে সহায়তা দানের লক্ষে পাট গুদামজাতকরণের কার্যকরী পদক্ষেপ গ্রহণ। ৫.২.১৩ পাট চাষীদের অর্থ সংকট লাঘবের লক্ষ্যে সহজ শর্তে সাময়িক ঋণ প্রদানের ব্যবস্থা গ্রহণ। ৫.২.১৪ পাট উৎপাদকারী জেলা সমূহে প্রয়োজনানুযায়ী অধিক সংখ্যক পাটক্রয় কেন্দ্র স্থাপন। পাট চাষীদের ন্যায্য মূল্য নিশ্চিতকরণ লক্ষ্যে সরকারী/বেসরকারী পাটকল সমূহ চাষীদের নিকট হতে সরাসরি পাটক্রয় কার্যক্রম গ্রহণ। ৫.২.১৫ পাটের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যবহারকারী/রপ্তানীকারী প্রতিষ্ঠানসমূহের সাথে আলোচনার মাধ্যমে পাটের ন্যূনতম মূল্য মৌসুমের পূর্বেই নির্ধারিত ও তদসম্পর্কিত ঘোষণা প্রদান। ৫.২.১৬ পাট ক্রয়ের ক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক স্বচ্ছতা ও প্রয়োজনীয় মান নিশ্চিতকরণ। ৫.২.১৭ সরকারী ও বেসরকারী পাটকলগুলোকে পাটক্রয়ের ক্ষেত্রে নীতিমালা প্রণয়ন করে সেগুলো যথাযথভাবে অনুসরণ করবে। ৫.২.১৮ পাট চাষীরা যাতে সাথে সাথে পাটের বিক্রিত অর্থ পেয়ে যান, সে ব্যাপারে	স্বয়ংসম্পূর্ণ অর্জন নিশ্চিতকরণ; ৫.১.৯ পাট পচানোর জন্য রেলপথ, সড়ক পথ ও বন্যা নিয়ন্ত্রণ বাঁধের পাশে পানি সংরক্ষণ ও অপসারণ ব্যবস্থা গড়ে তোলা। যে সকল এলাকায় পাট পঁচানোর জন্য পানির দুস্প্রাপ্যতা রয়েছে সে সকল এলাকায় পাট পঁচানোর জন্য অধিকতর উন্নত প্রযুক্তি (রিবন **রেটিং** পদ্ধতি) সম্পর্কে কৃষকদের অবহিতকরণ; ৫.১.১০ বিএডিসি'তে সরকারীভাবে পাটের বীজের বাফার ষ্টক সংরক্ষণ করা। বিএডিসি'র প্রতিবছর প্রায় ১৫০০ মেঃ টন পাটবীজ উৎপাদনের ক্ষমতা রয়েছে। তন্মধ্যে বিএডিসি বাস্ড়বে ১০০০-১২০০ মেঃ টন উৎপাদন করে এবং ২০০-৩০০ মেঃ টন সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করে। বিএডিসি'র উৎপাদন ও সংরক্ষণ ব্যবস্থা সম্প্রসারণ ও উন্নীতকরণের ব্যবস্থা গ্রহণ; **৫.১.১১ পাট অধিদপ্তর কর্তৃক বাস্ড়বায়নাধীন " উচ্চ ফলনশীল (উফশী)পাট ও পাটবীজ উৎপাদন এবং উন্নত পাট পচন" শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিবছর ১৫০০-২০০০ মেঃ টন উন্নত জাতের পাটবীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। বাস্ড়বে প্রতি বছর ১০০০-১২০০ মেঃ টন উফসী পাটবীজ উৎপাদিত হয়। এ প্রকল্পের অধীনে উৎপাদিত পাটবীজ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ ও উন্নীতকরণের ব্যবস্থা গ্রহণ;** ৫.১.১২ পাটের বীজ, জাত, মান চাহিদা ও বিভিন্ন শ্রেণীর পাটের উৎপাদন পদ্ধতি ও গ্রেডিং সিষ্টেম সর্ম্পকে দেশের পাট-চাষ সমৃদ্ধ এলাকাগুলোতে স্থানীয় পর্যায়ের পাট চাষীদেরকে প্রশিক্ষণের ও ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ; ৫.১.১৩ কৃষকগণকে পাটের ন্যায্যমূল্য প্রাপ্তিতে সহায়তা দানের লক্ষ্যে পাট গুদামজাতকরণের কার্যকরী পদক্ষেপ গ্রহণ; ৫.১.১৪ পাট চাষীদের অর্থ সংকট লাঘবের লক্ষ্যে সহজ শর্তে সাময়িক ঋণ প্রদানের ব্যবস্থা গ্রহণ; ৫.১.১৫ পাট উৎপাদকারী জেলা সমূহে প্রয়োজনানুযায়ী অধিক সংখ্যক পাটক্রয় কেন্দ্র স্থাপন। পাট চাষীদের ন্যায্য মূল্য নিশ্চিতকরণ লক্ষ্যে সরকারী/বেসরকারী পাটকল সমূহ চাষীদের নিকট হতে সরাসরি পাটক্রয় কার্যক্রম গ্রহণ; ৫.১.১৬ পাটের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যবহারকারী/রপ্তানীকারী প্রতিষ্ঠানসমূহের সাথে আলোচনার মাধ্যমে পাটের নূনতম মূল্য মৌসুমের পূর্বেই নির্ধারিত ও তদসম্পর্কিত ঘোষণা প্রদান; ৫.১.১৭ পাট ক্রয়ের ক্ষেত্রে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক স্বচ্ছতা ও প্রয়োজনীয় মান নিশ্চিতকরণ; ৫.১.১৮ সরকারী ও বেসরকারী পাটকলগুলোকে পাটক্রয়ের ক্ষেত্রে নীতিমালা প্রণয়ন করে সেগুলো যথাযথভাবে অনুসরণ করবে; ৫.১.১৯ পাট চাষীরা যাতে সাথে সাথে পাটের বিক্রিত অর্থ পেয়ে যান, সে ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ;	

যথাযথ ব্যবস্থা গ্রহণ।

৫.২.১৯ পাটচাষীরা যাতে এককভাবে অসহায় বিক্রেতা না থাকে, সে লক্ষ্যে পাটচাষীদের গোষ্ঠী-ক্ষমতা অর্জনের উদ্দেশ্যে পাট-সমবায় গঠন উৎসাহিত করণ।

৫.২.২০ পাটকলসমূহ এবং পাট ব্যবসায়ীগণ যাতে সময়মত প্রয়োজনীয় ব্যংক ঋণ পায় সে ব্যাপারে সহায়তা করা এবং মিলগুলো যাতে নিয়মিত ঋণ পরিশোধ করে সে ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ।

৫.২.২১ মধ্যস্বত্বভোগীগণ পাটচাষীদেরকে যাতে ন্যায্য মূল্য থেকে বঞ্চিত করতে না পারে এবং পাটপণ্য উৎপাদনের খরচ বৃদ্ধি করতে না পারে সে লক্ষ্যে মধ্যস্বত্বভোগীদের ভূমিকা যুগপোযোগী ব্যবস্থাপনার আওতায় আনয়ন।

৫.২ পাটজাতপণ্য সংক্রান্ড় নীতিমালা ঃ

২.১ পাটজাতপণ্যের বাজার সংরক্ষণ ও সম্প্রসারণ সংক্রান্ড় নীতিমালা ঃ

(ক) বিশ্ব চাহিদা ও সরবরাহের সংগে সামঞ্জস্য রেখে প্রতিযোগীতামূলক মূল্যে পাটপণ্যের উৎপাদন ও সরবরাহপূর্বক বাজার সংরক্ষণ ও সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ।

(খ) বিশ্বে পাটপণ্য রপ্তানীতে বাংলাদেশের হিস্যা বর্তমানে প্রায় ৬০ শতাংশে উন্নীত হলেও প্রচলিত পাটপণ্যের চাহিদা হ্রাস পাওয়ায় বাংলাদেশে রপ্তানীর পরিমানও বহুলাংশে হ্রাস পেয়েছে। রপ্তানীর পরিমান বৃদ্ধির লক্ষ্যে বিশ্ব বাজারে রপ্তানীতে বাংলাদেশ হিস্যা শতকরা ৮০ ভাগে উন্নীত করার কার্যকরী উদ্দ্যোগ গ্রহণ, প্রচলিত পাটপণ্যের পাশাপাশি বহুমুখি পাটপণ্য উৎপাদন ও রপ্তানীতে পাটকল গুলোকে অধিকহারে আর্থিক সহায়তা প্রদান।

(গ) বহুমুখী পাটজাতপণ্য রপ্তানীর ক্ষেত্রে যৌক্তিক হারে বিপনন সহায়তা প্রদান। বহুমুখী পাটপণ্য উৎপাদনকারীদের অগ্রাধিকার ও সহজ শর্তে ঋণ সরবরাহ নিশ্চিত করণ। পুঞ্জিভূত ঋণের সুদ সহজ শর্তে পরিশোধের বিষয়ে বাস্ড়ব সম্মত পদক্ষেপ গ্রহণ।

(ঘ) সরকার কর্তৃক ঘোষিত আমদানী নীতি, রপ্তানী নীতি ও শিল্প নীতিতে অন্যান্য খাতে যে আর্থিক (ঋণের উপর স্বল্প হারে সুদ আরোপ ইত্যাদি) ও অন্যান্য সুযোগ- সুবিধা প্রদান করা হয়, পাটখাতে যাতে অনুরূপ সুযোগ-সুবিধা সমভাবে প্রযোজ্য হয় সে লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ।

(ঙ) বহুমুখী পাটপণ্য উৎপাদনের বিষয়ে নতুন নতুন গবেষণার পদক্ষেপ গ্রহণ। বিশেষ করে ফ্যাশন ও ডিজাইনের ক্ষেত্রে বিশ্বমান অর্জনে সচেষ্ট হওয়া।

৫.১.২০ পাটচাষীরা যাতে এককভাবে অসহায় বিক্রেতা না থাকে, সে লক্ষ্যে পাটচাষীদের গোষ্ঠী-ক্ষমতা অর্জনের উদ্দেশ্যে পাট সমবায় গঠন উৎসাহিত করণ;

৫.১.২১ পাটকলসমূহ এবং পাট ব্যবসায়ীগণ যাতে সময়মত প্রয়োজনীয় ব্যংক ঋণ পায় সে ব্যাপারে সহায়তা করা এবং মিলগুলো যাতে নিয়মিত ঋণ পরিশোধ করে সে ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ;

৫.১.২২ মধ্যস্বত্বভোগীগণ পাটচাষীদেরকে যাতে ন্যায্য মূল্য থেকে বঞ্চিত করতে না পারে এবং পাটপণ্য উৎপাদনের খরচ বৃদ্ধি করতে না পারে সে লক্ষ্যে মধ্যস্বত্বভোগীদের ভূমিকা যুগপোযোগী ব্যবস্থাপনার আওতায় আনয়ন;

৫.২.০ পাটজাতপণ্য সংক্রান্ড় নীতিমালা ঃ

৫.২.১ পাটজাতপণ্যের বাজার সংরক্ষণ ও সম্প্রসারণ সংক্রান্ড় নীতিমালা ঃ

(ক) বিশ্ব চাহিদা ও সরবরাহের সংগে সামঞ্জস্য রেখে প্রতিযোগীতামূলক মূল্যে পাটপণ্যের উৎপাদন ও সরবরাহপূর্বক বাজার **সংরক্ষণ** ও সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ;

(খ) **বিভিন্ন দেশে পাট ও পাট রপ্তানীর প্রতিবন্ধকতা চিহ্নিত করে তা দূরীকরণে পদক্ষেপ গ্রহণ;**

(গ) বিশ্বে পাটপণ্য রপ্তানীতে বাংলাদেশের হিস্যা বর্তমানে প্রায় ৬০ শতাংশে উন্নীত হলেও প্রচলিত পাটপণ্যের চাহিদা হ্রাস পাওয়ায় বাংলাদেশে রপ্তানীর পরিমানও বহুলাংশে হ্রাস পেয়েছে। রপ্তানির পরিমান বৃদ্ধির লক্ষ্যে বিশ্ব বাজারে রপ্তানীতে বাংলাদেশ হিস্যা শতকরা ৮০ ভাগে উন্নীত করার কার্যকরী উদ্দ্যোগ গ্রহণ, প্রচলিত পাটপণ্যের পাশাপাশি বহুমুখি পাটপণ্য উৎপাদন ও রপ্তানিতে পাটকল গুলোকে অধিকহারে আর্থিক সহায়তা প্রদান;

(ঘ) বহুমুখী পাটজাতপণ্য রপ্তানীর ক্ষেত্রে যৌক্তিক হারে বিপনন সহায়তা প্রদান। বহুমুখী পাটপণ্য উৎপাদনকারীদের অগ্রাধিকার ও সহজ শর্তে ঋণ সরবরাহ নিশ্চিত করণ। পুঞ্জিভূত ঋণের সুদ সহজ শর্তে পরিশোধের বিষয়ে বাস্ড়ব সম্মত পদক্ষেপ গ্রহণ;

(ঙ) সরকার কর্তৃক ঘোষিত আমদানী নীতি, রপ্তানী নীতি ও শিল্প নীতিতে অন্যান্য খাতে যে আর্থিক (ঋণের উপর স্বল্প হারে সুদ আরোপ ইত্যাদি) ও অন্যান্য সুযোগ- সুবিধা প্রদান করা হয়, পাটখাতে যাতে অনুরূপ সুযোগ- সুবিধা সমভাবে প্রযোজ্য হয় সে লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ;

(চ) **পাটজাত পণ্যের উৎপাদন ও বহুমুখী করণের লক্ষ্যে নতুন নতুন গবেষণার পদক্ষেপ গ্রহন এবং পাটকল বিএমআরই ও অন্যান্য ব্যবস্থা গ্রহণের মাধ্যমে পাট শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য সমন্বিত প্ল্যান অব এ্যাকশন প্রণয়ন;**

(ছ) **পাটজাতপণ্যের বৈচিত্র আনার লক্ষ্যে ডিজাইন ডেভেলপমেন্ট সেন্টার স্থাপনের উদ্যোগ গ্রহণ।**

২.২ অভ্যন্ড়রীণ ও আন্ড়র্জাতিক বাজারে পরিবেশ সহায়ক পাটপণ্যের ব্যবহার বৃদ্ধিকল্পে নীতিমালা ঃ

(ক) স্থানীয় বাজারে পাটপণ্যের ব্যাপক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ। পাটপণ্যের অভ্যন্ড়রীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে খাদ্যশস্য, চিনি, সার , সিমেন্ট ইত্যাদি প্যাকিং এর ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে পাটজাত মোড়ক ব্যবহার নিশ্চিত করতে আইন প্রণয়ন করা হয়েছে; যার বাস্ড়ব প্রয়োগ সুনিশ্চিতকরণ।

(খ) দেশে প্রচুর মিনারেল ওয়াটার, কোমল পানীয়, চীপস ইত্যাদি উৎপাদন কারখানা গড়ে উঠেছে এবং এগুলোর চাহিদা ব্যাপক। এসব কারখানা বোতল/প্যাকেট প্যাকিং ও পরিবহণের জন্য পলিথিনের ব্যবহার নিষিদ্ধ করে উপযোগী পাটের ব্যাগের প্রচলন ও দেশের নার্সারীগুলোতে গাছের চারা সংরক্ষণে পাটের ব্যাগ ব্যবহারের উদ্যোগ গ্রহণ।

(গ) সরকারীখাতে কর্মরত সকল কর্মকর্তার বেলায় বাধ্যতামূলকভাবে পাটের কাগজের ভিজিটিং কার্ড এবং সরকারী সকল অফিসে পাট ভিত্তিক ষ্টেশনারীর বাধ্যতামূলক ব্যবহার নিশ্চিতকরণ।

(ঘ) ভুমিক্ষয় রোধে এবং রাস্ড়া ও বাঁধ নির্মাণের মতো ভিভিল ইঞ্জিনিয়ারিং কাজে পরিবেশের জন্য ক্ষতিকর " মেটাল নেটিং" বা সিনথেটিক জিও টেক্সটাইল এর পরিবর্তে পরিবেশ উপযোগী ও উৎকৃষ্ট জুট জিওটেক্স এর ব্যবহার; আর্থিকভাবে সাশ্রয়ী পাট থেকে প্রস্ড়ুতকৃত কম্বল বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে (হাসপাতাল.পুলিশ,বিডিআর,প্রতিরক্ষা বাহিনী,জেলখানা, দুস্থ কল্যাণ কেন্দ্র) ব্যবহারের উদ্যোগ গ্রহণ।

(ঙ) অভ্যন্ড়রীণ বাজারে মানসম্পন্ন পাটপণ্য যুক্তিসংগত মূল্যে বাজারজাত করার লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ। পরিবেশ উন্নয়নের লক্ষ্যে পলিথিনের বিকল্প পাটের হালকা শপিং ব্যাগের প্রচলন জোরদার করণ।

(চ) বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান সমূহকে প্রয়োজনীয় প্রণোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণ।

(ছ) বহুমুখী পাটপণ্য এবং এর ব্যবহার বৃদ্ধির বিষয়ে তথ্যচিত্র নির্মাণ করে গণমাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ।

(জ) পাট ও পাটজাত দ্রব্যের আন্ড়র্জাতিক বাজার সংরক্ষণ ও সম্প্রসারণের লক্ষ্যে বিদেশে প্রতিনিধিদল প্রেরণ, আন্ড়র্জাতিক মেলায় অংশগ্রহণ,সভা, সেমিনার আয়োজনের মাধ্যমে ক্রেতা বিক্রেতার মধ্যে নিবিড় যোগাযোগ প্রতিষ্ঠা করা। এ ব্যাপারে বিজেএসজি'র সহায়তা গ্রহণ।

(জ) দেশে বিদেশে অনুষ্ঠিত বাণিজ্যিক মেলায় পাটজাত পণ্যের প্রদর্শনীর ব্যবস্থা

৫.২.২ অভ্যন্ড়রীণ ও আন্ড়র্জাতিক বাজারে পরিবেশ সহায়ক পাটপণ্যের ব্যবহার বৃদ্ধিকল্পে নীতিমালা ঃ

(ক) স্থানীয় বাজারে পাটপণ্যের ব্যাপক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ। পাটপণ্যের অভ্যন্ড়রীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে খাদ্যশস্য, চিনি, সার , সিমেন্ট ইত্যাদি প্যাকিং এর ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে পাটজাত মোড়ক ব্যবহার নিশ্চিত করতে আইন **ও বিধিমালা** প্রণয়ন করা হয়েছে; যার বাস্ড়ব প্রয়োগ সুনিশ্চিতকরণ। **তাছাড়া এ সমস্ড়পণ্য আমদানীর ক্ষেত্রেও পাটের মোড়ককে প্রাধান্য দেয়ার ব্যবস্থা নেয়া;**

(খ) দেশে প্রচুর মিনারেল ওয়াটার, কোমল পানীয়, চীপস ইত্যাদি উৎপাদন কারখানা গড়ে উঠেছে এবং এগুলোর চাহিদা ব্যাপক। এসব কারখানা বোতল/প্যাকেট প্যাকিং ও পরিবহণের জন্য পলিথিনের ব্যবহার নিষিদ্ধ করে উপযোগী পাটের ব্যাগের প্রচলন ও দেশের নার্সারীগুলোতে গাছের চারা সংরক্ষণে পাটের ব্যাগ ব্যবহারের উদ্যোগ গ্রহণ;

(গ) সরকারীখাতে কর্মরত সকল কর্মকর্তার বেলায় বাধ্যতামূলকভাবে পাটের কাগজের ভিজিটিং কার্ড এবং সরকারী সকল অফিসে পাট ভিত্তিক **ষ্টেশনারী ফার্নিচারের** বাধ্যতামূলক ব্যবহার নিশ্চিতকরণ;

(ঘ) ভুমিক্ষয় রোধে এবং রাস্ড়া ও **বেড়ীবাঁধ** নির্মাণের মতো ভিভিল ইঞ্জিনিয়ারিং কাজে পরিবেশের জন্য ক্ষতিকর " মেটাল নেটিং" বা সিনথেটিক জিও টেক্সটাইল এর পরিবর্তে পরিবেশ উপযোগী ও উৎকৃষ্ট জুট জিওটেক্স এর ব্যবহার; আর্থিকভাবে সাশ্রয়ী পাট থেকে প্রস্ড়ুতকৃত কম্বল বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে (হাসপাতাল.পুলিশ,বিডিআর,প্রতিরক্ষা বাহিনী,জেলখানা, দুস্থ কল্যাণ কেন্দ্র) ব্যবহারের উদ্যোগ গ্রহণ;

(ঙ) অভ্যন্ড়রীণ বাজারে মানসম্মন্ন পাটপণ্য যুক্তিসংগত মূল্যে বাজারজাত করার লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ। পরিবেশ উন্নয়নের লক্ষ্যে **শপিং মলগুলোতে** পলিথিনের বিকল্প পাটের হালকা শপিং ব্যাগের প্রচলন জোরদার করণ;

(চ) **হস্ড়শিল্প উৎপাদনকারীগণকে হস্ড়শিল্পজাত বহুমুখী পণ্য উৎপাদন ও বাজারজাত করণের লক্ষ্যে কাচামাল হিসেবে পাট ব্যবহারে বাধ্যকরণ;**

(ছ) বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান সমূহকে প্রয়োজনীয় প্রণোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণ;

(জ) বহুমুখী পাটপণ্য এবং এর ব্যবহার বৃদ্ধির বিষয়ে তথ্যচিত্র নির্মাণ করে গণমাধ্যমে **নিয়মিত** প্রচারের ব্যবস্থা গ্রহণ;

(ঝ) পাট ও পাটজাত দ্রব্যের আন্ড়র্জাতিক বাজার সংরক্ষণ ও সম্প্রসারণের লক্ষ্যে বিদেশে **সরকারী ও বেসরকারী পর্যায়ে** প্রতিনিধিদল প্রেরণ, আন্ড়র্জাতিক **বাণিজ্য** মেলায় অংশগ্রহণ,সভা, সেমিনার আয়োজনের মাধ্যমে ক্রেতা বিক্রেতার মধ্যে নিবিড় যোগাযোগ প্রতিষ্ঠা করা। এ ব্যাপারে বিজেএসজি'র সহায়তা গ্রহণ;

(ঞ) **বাজার সৃষ্টির লক্ষ্যে উদ্যোক্তাদের** দেশে বিদেশে অনুষ্ঠিত বাণিজ্যিক মেলায় পাটজাত পণ্যের প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করা। বিদেশে অবস্থিত বাংলাদেশ **মিশনসমূহের** সহায়তা গ্রহণ **করে পাটের পরিবেশ সহায়ক গুনাগুন তুলে ধরে পাট ও পাটজাত দ্রব্যের ব্যবহার জনপ্রিয় করার উদ্যোগ গ্রহণ।**

গ্রহণ করা। বিদেশে অবস্থিত বাংলাদেশ দুতাবাসসমূহের সহায়তা গ্রহণ।

২.৩ উৎপাদনশীলতা বৃদ্ধি ও পাট শিল্পের যন্ত্রপাতি আধুনিকীকরণ সংক্রান্ড় নীতিমালা ঃ

(ক) সরকারীখাতের জুটমিলসমূহে পরিচালন ব্যবস্থাপনায় অধিকতর গতিশীলতা এবং উচ্চ দক্ষতা অর্জনের লক্ষ্যে বিজেএমসি কর্তৃক অনুসৃত পরিচালন পদ্ধতির আমুল পরিবর্তন সাধনের ব্যবস্থা গ্রহণ।

(খ) সরকারী মিলের যন্ত্রপাতি সুষমকরণ, আধুনিকীকরণ ও প্রতিস্থাপনের জন্য বিশেষ তহবিল গঠনের উদ্যোগ গ্রহণ। বিদ্যুৎ ঘাটতি ও বিদ্যুৎ বিভ্রান্ড়ির সময় পাটকলগুলো উৎপাদনশীলতা বজায় রাখার জন্য বিশেষ জেনারেটর স্থাপনে উৎসাহ ও সহায়তা প্রদান। বিদ্যুতের পিক অওয়ার চার্জ রোহিতের বিষয়টি বিবেচনা করণ।

(গ) সরকারী ও বেসরকারী খাতে পাটকলগুলোতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করণ।

(ঘ) পাটকলগুলোর যন্ত্রপাতি মেরামত এবং যন্ত্রাংশ সরবরাহ করার জন্য বিজেএমসির অধীনস্থ গালফ্রা হাবিব লিঃ এর আধুনিকায়ন ও প্রয়োজন অনুযায়ী এর ন্যায় নতুন প্রতিষ্ঠান স্থাপনে প্রণোদনা প্রদান ।

(ঙ) সরকারী মিলের অব্যবহৃত জমি, মেশিনারীজ, গাছপালা ও অন্যান্য সম্পত্তি সঠিক ভাবে সর্বোচ্চ লাভজনক ব্যবহারের মাধ্যমে মিলগুলোর অবকাঠামোকে পূর্ণাঙ্গ ও নতুনভাবে ব্যবহারের ব্যবস্থা গ্রহণ।

(চ) পাটশিল্প খাতে সরকারী সাহায্য সহযোগীতা যেমন- জিওবি লোন মওকুফ, ঋণ প্রাপ্তি, সুদ মওকুফ এবং পুনঃ তফশিলীকরণ ইত্যাদি সুবিধা সরকারী ও বেসরকারী মিল সমূহের জন্য সমভাবে বিবেচিত হবে।

২.৪ বিদ্যমান বন্ধ পাটকলগুলো চালুকরণ ও পাট শিল্পে পুঁজি বিনিয়োগ আকৃষ্টকরণ সংক্রান্ড়
নীতিমালা ঃ

(ক) বিশ্ব বাজারে পাটপণ্যের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে এবং পাট শিল্পে অধিক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিজেএমসির অধীনস্থ বন্ধ জুট মিল গুলোর মধ্যে ২টি জুটমিল ইতোমধ্যে চালু করা হয়েছে এবং ভবিষ্যতে বাকি বন্ধ জুটমিলগুলো চালু করার কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বেসরকারী বন্ধ জুট মিলগুলো চালু করার ব্যাপারে প্রয়োজনে সরকারী প্রণোদনার ব্যবস্থা গ্রহণ।

(খ) বন্ধ জুটমিল খোলা অথবা নতুন জুটমিল স্থাপনের ক্ষেত্রে যদি কোন সরকারী

৫.২.৩ উৎপাদনশীলতা বৃদ্ধি ও পাট শিল্পের যন্ত্রপাতি আধুনিকীকরণ সংক্রান্ড় নীতিমালা ঃ

(ক) সরকারীখাতের জুটমিলসমূহে পরিচালন ব্যবস্থাপনায় অধিকতর গতিশীলতা এবং উচ্চ দক্ষতা অর্জনের লক্ষ্যে বিজেএমসি কর্তৃক অনুসৃত পরিচালন পদ্ধতির আমুল পরিবর্তন সাধনের ব্যবস্থা গ্রহণ;

(খ) সরকারী মিলের যন্ত্রপাতি সুষমকরণ, আধুনিকীকরণ ও প্রতিস্থাপনের জন্য বিশেষ তহবিল গঠনের উদ্যোগ গ্রহণ। বিদ্যুৎ ঘাটতি ও বিদ্যুৎ বিভ্রান্ড়ির সময় পাটকলগুলো উৎপাদনশীলতা বজায় রাখার জন্য বিশেষ জেনারেটর স্থাপনে উৎসাহ ও সহায়তা প্রদান। বিদ্যুতের পিক অওয়ার চার্জ রোহিতের বিষয়টি বিবেচনা করণ;

(গ) সরকারী ও বেসরকারী খাতে পাটকলগুলোতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ **ও গ্যাস** সরবরাহ নিশ্চিত করণ;

(ঘ) পাটকলগুলোর যন্ত্রপাতি মেরামত এবং যন্ত্রাংশ সরবরাহ করার জন্য বিজেএমসির অধীনস্থ গালফ্রা হাবিব লিঃ এর আধুনিকায়ন ও প্রয়োজন অনুযায়ী এর ন্যায় **একাধিক** নতুন প্রতিষ্ঠান স্থাপনে প্রণোদনা প্রদান ;

(ঙ) সরকারী মিলের অব্যবহৃত জমি, মেশিনারীজ, গাছপালা ও অন্যান্য সম্পত্তি সঠিক ভাবে সর্বোচ্চ লাভজনক ব্যবহারের মাধ্যমে মিলগুলোর অবকাঠামোকে পূর্ণাঙ্গ ও নতুনভাবে ব্যবহারের ব্যবস্থা গ্রহণ;

(চ) পাটশিল্প খাতে সরকারী সাহায্য সহযোগীতা যেমন- জিওবি লোন মওকুফ, ঋণ প্রাপ্তি, সুদ মওকুফ এবং পুনঃ তফশিলীকরণ ইত্যাদি সুবিধা সরকারী ও বেসরকারী মিল সমূহের জন্য সমভাবে বিবেচিত হবে।

৫.২.৪ বিদ্যমান বন্ধ পাটকলগুলো চালুকরণ ও পাট শিল্পে পুঁজি বিনিয়োগ আকৃষ্টকরণ সংক্রান্ড় নীতিমালা ঃ

(ক) বিশ্ব বাজারে পাটপণ্যের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে এবং পাট শিল্পে অধিক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিজেএমসির অধীনস্থ বন্ধ জুট মিল গুলোর মধ্যে **৬টি** জুটমিল ইতোমধ্যে চালু করা হয়েছে এবং ভবিষ্যতে বাকি বন্ধ জুটমিলগুলো চালু করার কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বেসরকারী বন্ধ জুট মিলগুলো চালু করার ব্যাপারে প্রয়োজনে সরকারী প্রণোদনার ব্যবস্থা গ্রহণ;

(খ) বন্ধ জুটমিল খোলা অথবা নতুন জুটমিল স্থাপনের ক্ষেত্রে যদি কোন সরকারী বা বেসকারী চালু জুট মিলে ব্যবহার যোগ্য বা স্বল্প খরচে মেরামত যোগ্য অব্যবহৃত মেশিনারী ও যন্ত্রপাতি থাকে, **তাহলে** নতুন উদ্যোগে সেগুলো ব্যবহার করার ব্যবস্থা গ্রহণ;

(গ) সরকারী-বেসরকারী বন্ধ জুট মিল খোলার ব্যাপারে বাস্ড়বতা যথাযথভাবে বিশ্লেষন করে ব্যবস্থা গ্রহণ। এ ক্ষেত্রে দক্ষ ব্যবস্থাপনা নিশ্চিত করা এবং প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ শ্রমিক সৃষ্টি করা, বিদ্যমান অকেজো যন্ত্রপাতি বাদ দিয়ে বাকীগুলো যথাযথ মেরামতের ব্যবস্থা গ্রহণ, শক্ত আর্থিক ভিত

বা বেসকারী চালু জুট মিলে ব্যবহার যোগ্য বা স্বল্প খরচে মেরামত যোগ্য অব্যবহৃত মেশিনারী ও যন্ত্রপাতি থাকে, তাহলে নতুন উদ্যোগে সেগুলো ব্যবহার করার ব্যবস্থা গ্রহণ।

(গ) সরকারী-বেসরকারী বন্ধ জুট মিল খোলার ব্যাপারে বাস্ড়বতা যথাযথভাবে বিশ্লেষন করে ব্যবস্থা গ্রহণ। এ ক্ষেত্রে দক্ষ ব্যবস্থাপনা নিশ্চিত করা এবং প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ শ্রমিক সৃষ্টি করা, বিদ্যমান অকেজো যন্ত্রপাতি বাদ দিয়ে বাকীগুলো যথাযথ মেরামতের ব্যবস্থা গ্রহণ, শক্ত আর্থিক ভিত তৈরী করা, উচ্চ দক্ষতা মান অর্জন এবং মান সম্পন্ন পণ্য উৎপাদন নিশ্চিত করন।

(ঘ) বৃহৎ মিলের (কম্পোজিট মিল) তুলনায় ক্ষুদ্র ক্ষুদ্র মিল দক্ষতার সাথে পরিচালনা সহজকরণ বিধায় ক্ষুদ্র মিল স্থাপনে সরকারের উৎসাহ প্রদান।

(ঙ) সরকারী মিলগুলো প্রশাসনিক ব্যবস্থা পরিবর্তনের মাধ্যমে জবাবদিহিতা নিশ্চিতকরণ। মিলের শ্রমঘন্টা এবং স্থাপিত তাঁতের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে উৎপাদন বৃদ্ধি জোরদার করণ।

(চ) উৎপাদনের বিভিন্ন পর্যায়ে দূনীতি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ। গঠনমূলক সিবিএ কার্যক্রম অনুমোদন।

(ছ) যে সব দেশ তুলনামূলক ভাবে অধিক পরিমানে বাংলাদেশর পাটপণ্য আমদানী/ব্যবহার করছে সে সব দেশ যাতে বাংলাদেশে পাট শিল্পে পুঁজি বিনিয়োগে উৎসাহী হয় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ।

২.৫ বহুমুখী পাটপণ্যের উদ্ভাবন ও ব্যবহার বৃদ্ধির কার্যক্রম জোরদার করণ সংক্রান্ড় নীতিমালা ঃ

(ক) বিদ্যমান পাটকলগুলোকে বহুমুখী পাটপণ্য উৎপাদনে উৎসাহ প্রদান এবং বহুমুখী পাটপণ্য উৎপাদনে নতুন পাটকল স্থাপনে অগ্রাধিকার দেয়া এ ছাড়াও ক্ষুদ্র ও মাঝারী আকারের যে সকল এনজিও/প্রতিষ্ঠান বহুমুখী পাটপণ্য উৎপাদনের সম্পৃক্ত আছে তাদেরকে সর্বাত্নক সহায়তা প্রদান।

(খ) উৎপাদন সক্ষমতা বাড়ানোর ক্ষেত্রে যে সকল দ্রব্যের বর্তমান বা সম্ভাব্য চাহিদা অধিক, সেগুলো উৎপাদনের উপর জোর দেয়া ।

(গ) পাটপণ্য বহুমুখীকরণ শিল্প স্থাপনের লক্ষ্যে উদ্যোক্তাদেরকে বানিজ্যিক ব্যাংকের সহায়তায় বিনিয়োগ মূলধনের ব্যবস্থা করা ও Raw Materials Bank (RMB) স্থাপন।

(ঘ) বহুমুখী পাটপণ্য সামগ্রী দেশে/বিদেশে বাজারজাতকরণ ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে বিপনন ও প্রচারণা মূলক কার্যক্রম পরিচালনার জন্য বিশেষ তহবিল সৃষ্টি এবং প্রয়োজনে বিপনন সহায়তা /রপ্তানী সুবিধা প্রদান।

তৈরী করা, উচ্চ দক্ষতা মান অর্জন এবং মান সম্পন্ন পণ্য উৎপাদন নিশ্চিত করন;

(ঘ) বৃহৎ মিলের (কম্পোজিট মিল) পাশাপাশি ক্ষুদ্র ক্ষুদ্র মিল দক্ষতার সাথে পরিচালনা সহজকরণ বিধায় ক্ষুদ্র মিল স্থাপনে সরকারের উৎসাহ প্রদান;

(ঙ) সরকারী মিলগুলো প্রশাসনিক ব্যবস্থা পরিবর্তনের মাধ্যমে জবাবদিহিতা নিশ্চিতকরণ। মিলের শ্রমঘন্টা এবং স্থাপিত তাঁতের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে উৎপাদন বৃদ্ধি জোরদার করণ;

(চ) উৎপাদনের বিভিন্ন পর্যায়ে দূনীতি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং গঠনমূলক সিবিএ কার্যক্রম অনুমোদন;

(ছ) যে সব দেশ তুলনামূলক ভাবে অধিক পরিমানে বাংলাদেশর পাটপণ্য আমদানী/ব্যবহার করছে সে সব দেশ যাতে বাংলাদেশে পাট শিল্পে পুঁজি বিনিয়োগে উৎসাহী হয় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ;

(জ) **পাটকলগুলোর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পাটকলগুলোতে জাপানের KIZAN পদ্ধতি অনুসরণের বিষয় নিশ্চিত করন।**

৫.২.৫ বহুমুখী পাটপণ্যের উদ্ভাবন ও ব্যবহার বৃদ্ধির কার্যক্রম জোরদারকরণ সংক্রান্ড় নীতিমালা ঃ

(ক) বিদ্যমান পাটকলগুলোকে বহুমুখী পাটপণ্য উৎপাদনে উৎসাহ প্রদান এবং বহুমুখী পাটপণ্য উৎপাদনে নতুন পাটকল স্থাপনে অগ্রাধিকার দেয়া এ ছাড়াও ক্ষুদ্র ও মাঝারী আকারের যে সকল এনজিও/প্রতিষ্ঠান বহুমুখী পাটপণ্য উৎপাদনের সম্পৃক্ত আছে তাদেরকে সর্বাত্নক সহায়তা প্রদান;

(খ) উৎপাদন সক্ষমতা বাড়ানোর ক্ষেত্রে যে সকল দ্রব্যের বর্তমান বা সম্ভাব্য চাহিদা অধিক, সেগুলো উৎপাদনের উপর জোর দেয়া ;

(গ) পাটপণ্য বহুমুখীকরণ শিল্প স্থাপনের লক্ষ্যে উদ্যোক্তাদেরকে বানিজ্যিক ব্যাংকের সহায়তায় বিনিয়োগ মূলধনের ব্যবস্থা করা ও Raw Materials Bank (RMB) স্থাপন ;

(ঘ) বহুমুখী পাটপণ্য সামগ্রী দেশে/বিদেশে বাজারজাতকরণ ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে বিপনন ও প্রচারণা মূলক কার্যক্রম পরিচালনার জন্য বিশেষ তহবিল সৃষ্টি এবং প্রয়োজনে বিপনন সহায়তা /রপ্তানী সুবিধা প্রদান;

(ঙ) জুট ডাইভার্সিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) কে ১টি আধুনিক পূর্ণাঙ্গ ডেভলপমেন্ট অর্গানাইজেশন হিসেবে র"পদান। বিভিন্ন গবেষণার মাধ্যমে প্রাপ্ত মানসম্পন্ন মূল্য সাশ্রয়ী পণ্য উৎপাদনের ক্ষেত্রে উপযুক্ত বিনিয়োগকারী খুঁজে পাওয়া ও ব্যাংকিং সুবিধা প্রদানের জন্য জুট ডাইভার্সিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এ " ওয়ান ষ্টপ" সার্ভিস পদ্ধতি চালুর ব্যবস্থা গ্রহণ;

(চ) অধুনা স্থানীয় বিজ্ঞানীগণ কর্তৃক পাটের জীবন রহস্য (Jute Genome) আবিস্কৃত হয়েছে। এ আবিস্কারের ফলে প্রতিকুল পরিবেশেও পাটের উৎপাদন সম্ভাবনা সৃষ্টি সহ পাটের উৎপাদনশীলতা ও গুনগত মান বৃদ্ধি, বিভিন্ন জাতের পাটের উৎপাদন ইত্যাদি ক্ষেত্রে বিপুল সম্ভাবনার দার উন্মোচিত

(ঙ) জুট ডাইভার্সিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) কে ১টি আধুনিক পূর্ণাঙ্গ ডেভলপমেন্ট অর্গানাইজেশন হিসেবে রূপদান। বিভিন্ন গবেষণার মাধ্যমে প্রাপ্ত মানসম্পন্ন মূল্য সাশ্রয়ী পণ্য উৎপাদনের ক্ষেত্রে উপযুক্ত বিনিয়োগকারী খুঁজে পাওয়া ও ব্যাংকিং সুবিধা প্রদানের জন্য জুট ডাইভার্সিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এ " ওয়ান ষ্টপ" সার্ভিস পদ্ধতি চালুর ব্যবস্থা গ্রহণ।

(চ) অধুনা স্থানীয় বিজ্ঞানীগণ কর্তৃক পাটের জীবন রহস্য (Jute Genome) আবিকৃত হয়েছে। এ আবিস্কারের ফলে প্রতিকুল পরিবেশেও পাটের উৎপাদন সম্ভাবনা সৃষ্টি সহ পাটের উৎপাদনশীলতা ও গুনগত মান বৃদ্ধি, বিভিন্ন জাতের পাটের উৎপাদন ইত্যাদি ক্ষেত্রে বিপুল সম্ভাবনার দার উন্মোচিত হয়েছে। এ সকল সম্ভাবনাকে বাস্ড়বায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক গবেষণা জোরদারকরনসহ অন্যান্য ফলপ্রসু কর্মসূচী গ্রহণ।

(ছ) পাটের বহুমুখী ব্যবহারের উদ্যেশ্যে মন্ড ও কাগজ উৎপাদনের ক্ষেত্রে বিশেষ উদ্যোগ গ্রহণ।

২.৬ পাট ও পাটজাত পণ্য সংক্রান্ড় অন্যান্য নীতিমালা ঃ

(ক) কাঁচাপাটের উৎপাদন থেকে রপ্তানী পর্যন্ড় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থাসমূহের মধ্যে সমন্বয় সাধন। এ লক্ষ্যে প্রতি ৩(তিন) মাস অন্ড়র বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে নিয়মিত বৈঠক অনুষ্ঠিত হবে।

(খ) সঠিক তথ্য/পরিসংখ্যান সরকারী নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। পাট ও পাটপণ্য উৎপাদন, পাটের বাজার দর, স্থানীয় বিক্রয়, নতুন রপ্তানী বাজার, রপ্তানী ও রপ্তানীমূল্য সম্পর্কিত তথ্য ব্যবস্থাপনা আরো জোরদারকরণ। পাট অধিদপ্তরে অবস্থিত তথ্য সেলকে কার্যকরীকরণ এবং প্রতি তিন মাস অন্ড়র সকল তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করণ। পাট সম্পর্কিত সকল তথ্যাদি অনলাইনে সরবরাহ করা এবং সংশ্লিষ্ট উৎপাদন বিক্রয়/রপ্তানিকারী সংস্থাসমূহ কর্তৃক নিজ নিজ ক্ষেত্রে তথ্য ব্যবস্থাপনা জোরদারকরণ। সংশ্লিষ্ট সংস্থাসমূহ প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করে সরকারকেও সর্বাত্নক সহায়তা প্রদান।

